

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৬০. রাসূল (সা.) এর হাদীস মানার ব্যাপারে কোন ধরনের অনীহা দেখানো

আবু রাফি' (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসুল (সা.) ইরশাদ করেন:

لاَ أُلْفِيَنَّ أَحَدَكُمْ مُتَّكِئاً عَلَى أَرِيْكَتِهِ ، يَأْتِيْهِ الْأَمْرُ مِنْ أَمْرِيْ ، مِمَّا أَمَرْتُ بِهِ ، أَوْ نَهَيْتُ عَنْهُ ، فَيَقُوْلُ: لاَ نَدْرِيْ ، مَا وَجَدْنَا فِيْ كِتَابِ اللهِ اتَّبَعْنَاهُ

"তোমাদের কাউকে যেন এমন অবস্থায় পাওয়া না যায় যে, সে সোফার উপর হেলান দিয়ে বসে আছে। এমতাবস্থায় তার নিকট আমার কোন আদেশ-নিষেধ এসে গেলো। আর সে বললো: এ ব্যাপারে আমি কিছুই জানি না। আমি যা কুর'আনে পাবো তাই মানবো এবং আমার জন্য তাই একান্ত যথেষ্ট। আমার হাদীসের কোন প্রয়োজন নেই"।[1]

মিক্সদাম বিন্ মা'দীকারিব্ কিন্দী (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

يُوْشِكُ الرَّجُلُ مُتَّكِئاً عَلَى أَرِيْكَتِهِ يُحَدَّثُ بِحَدِيْثِ مِنْ حَدِيْثِيْ فَيَقُوْلُ: بَيْنَا وَيَيْنَكُمْ كِتَابُ اللهِ عَنَّ وَجَلَّ ، فَمَا وَجَدْنَا فِيْهِ مِنْ حَلاَلٍ اسْتَحْلَلْنَاهُ ، وَمَا وَجَدْنَا فِيْهِ مِنْ حَرَامٍ حَرَّمْنَاهُ! أَلاَ وَإِنَّ مَا حَرَّمَ رَسُوْلُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مثْلُ مَا حَرَّمَ اللهُ

''অচিরেই জনৈক ব্যক্তি সোফার উপর হেলান দিয়ে বসে থাকবে। এমতাবস্থায় আমার কোন হাদীস তার নিকট আসলে সে বলবে: আমাদের ও তোমাদের মাঝে ফায়সালাকারী একমাত্র কুর'আন। তাতে আমরা যা হালাল পাবো তাই একমাত্র হালাল মনে করবো এবং তাতে আমরা যা হারাম পাবো তাই একমাত্র হারাম মনে করবো : অথচ আল্লাহ্ তা'আলার রাসূল যা হারাম করেছেন তা সরাসরি আল্লাহ্ তা'আলার পক্ষ থেকে হারাম করার মতোই"।[2] আল্লাহ তা'আলা বলেন:

وَمَا آتَاكُمُ الرَّسُولُ فَخُذُوهُ وَمَا نَهَاكُمْ عَنْهُ فَانتَهُوا ١ وَاتَّقُوا اللَّهَ ١ إِنَّ اللَّهَ شَديدُ الْعِقَاب

''রাসূল (সা.) তোমাদেরকে যা দিয়েছেন তা তোমরা গ্রহণ করো এবং যা থেকে তিনি তোমাদেরকে নিষেধ করেছেন তা থেকে তোমরা বিরত থাকো। আর তোমরা আল্লাহ্ তা'আলাকে ভয় করো। নিশ্চয়ই আল্লাহ্ তা'আলা কঠিন শান্তিদাতা"। ('হাশর : ৭)

ফুটনোট

[1] (আবু দাউদ, হাদীস ৪৬০৫ ইবনু মাজাহ, হাদীস ১৩)



[2] (ইবনু মাজাহ্, হাদীস ১২)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11510

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন